

আপীল নং-৭৮/২০২১

তারিখঃ ০৪/০৪/২০২১

আদেশের ক্রমিক নং ও তারিখ	আদেশ ও কর্মকর্তার স্বাক্ষর	আদেশের উপর পৃথীত ব্যবস্থা
১৭/০৬/২০২১	<p>অদ্য শুনানী গ্রহণ করা হ'ল। আপীলকারী হাজির হয়ে মৌখিক বক্তব্য প্রদান করেন। মৌখিক বক্তব্য শুনলাম। আপীলকারী জানান যে, এজেস্পীটির নবায়ন আবেদনের মেয়াদ উত্তীর্ণের তারিখ ছিল ২১/০৬/২০২০ পর্যন্ত। এজেস্পীটি নবায়ন আবেদন দাখিল করেছে ২১/০৩/২০২১ তারিখ। তাঁদের ট্রাভেল এজেস্পীর নবায়ন আবেদন নির্ধারিত সময়ে দাখিল না করার কারণে ২৩/০৩/২০২১ তারিখে নবায়ন আবেদনটি বাতিল হয়ে যায়। উক্ত বাতিল আদেশের বিরুদ্ধে ০৪/০৪/২০২১ তারিখ আপীল দায়ের করেন। বিধি অনুযায়ী আবেদন বাতিলাদেশের ৬০ দিনের মধ্যে আপীল দায়ের করেছেন।</p> <p>শুনানীর সময় এজেস্পীর মালিক জানান যে, অজ্ঞতার কারণে নবায়ন আবেদন নির্ধারিত সময়ে দাখিল করতে পারিনি। এছাড়া আপীলকারী নিবন্ধন সংশ্লিষ্ট কাগজপত্রাদি হালনাগাদ ট্রেড লাইসেন্স, হালনাগাদ আয়কর প্রত্যয়নপত্র, ১০ লক্ষ টাকা উল্লেখসহ ব্যাংক সলভেন্সী সনদ, অফিস ভাড়ার চুক্তিনামা ও ০৩ (তিন) বছরের বিক্রয় বিবরণীসহ অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্র প্রদর্শন/দাখিল করেন।</p> <p>আপীলকারী বক্তব্য পর্যালোচনা করে জানা যায় যে, এজেস্পীটির নিবন্ধন আবেদনের মেয়াদ উত্তীর্ণের তারিখ ছিল ২১/০৬/২০২০ পর্যন্ত। এজেস্পীটি নবায়ন আবেদন দাখিল করেছে ২১/০৩/২০২১ তারিখ। অর্থাৎ নির্ধারিত সময়ে চেয়ে প্রায় ০৯ (নয়) মাস বিলম্বে নবায়নের আবেদন দাখিল করেন। নির্ধারিত সময়ের ০৯ (নয়) মাসের বিলম্বে নিবন্ধন আবেদনপত্র দাখিল বিষয়ে আপীলকারী উল্লেখযোগ্য কারণ প্রদর্শনে ব্যর্থ হন। তাই নিবন্ধন কর্তৃপক্ষ কর্তৃক নিবন্ধন আবেদন বাতিলাদেশ যথাযথ হয়েছে মর্মে প্রতীয়মান হয়।</p> <p>বাংলাদেশ ট্রাভেল এজেস্পি (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) আইন ২০১৩ এর ১০ ধারা এবং “ বাংলাদেশ ট্রাভেল এজেস্পি (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০১৪ এর বিধি ১১ এর বিধান অনুযায়ী আপীল আবেদনটি “নামঞ্জুর” পূর্বক নিবন্ধন কর্তৃপক্ষ কর্তৃক ২৩/০৩/২০২১ তারিখের নিবন্ধন আবেদন বাতিলের আদেশটি বহাল রাখা হল। সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হোক।</p> <p>স্বাক্ষরিত-১৭/০৬/২০২১ মিজানুর রহমান অতিরিক্ত সচিব</p> <p>গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয় অতিরিক্ত সচিব(প্রশা: পর্যঃ ও নিয়ন্ত্রক) এর দপ্তর</p> <p>নং-৩০.০০.০০০০.০০৩.৯৯.০৭৮.২০২১- ২৩৭ অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-</p> <ol style="list-style-type: none"> ১) সিনিয়র সচিব/সচিব, জননিরাপত্তা বিভাগ/সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়/প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়/ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। ২) অতিরিক্ত মহা পুলিশ পরিদর্শক(বিশেষ শাখা), রাজারবাগ, ঢাকা। ৩) কমিশনার, ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা। ৪) যুগ্ম-সচিব(প্রশাসন), বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। ৫) জেলা প্রশাসক, ঢাকা। ৬) উপসচিব(পর্যটন-৩), বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। ৭) সচিব মহোদয়ের একান্ত সচিব, বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। ৮) মহাসচিব, এসোসিয়েশন অব ট্রাভেল এজেন্ট অব বাংলাদেশ(আটাব), সাত্তারা সেন্টার, ৩০/এ, নয়া পল্টন, (১৬ তলা), ঢাকা-১০০০। ৯) ব্যবস্থাপক, ইন্টারন্যাশনাল রিলেশনশিপ, আইএটিএ বাংলাদেশ, হোসনা সেন্টার, (৩য় তলা), সূট-১২০, ১০৬, গুলশান এভিনিউ, ব্লক-এসই(সি), গুলশান, ঢাকা। ১০) বাংলাদেশে অবস্থিত সকল এয়ারলাইন্সসমূহ----- ১১) প্রোগ্রামার এ মন্ত্রণালয়(ওয়েব সাইটে প্রকাশে জন্য)। ১২) জনাব মুহাম্মদ ছালাহ উদ্দিন, স্বত্বাধিকারী, গাজী এয়ার ইন্টারন্যাশনাল, ১২০, ফকিরাপুল, ডিআইটি এক্সটেনশন রোড, হাবিব উল্লাহ ম্যানশন (২য় তলা), মতিঝিল, ঢাকা। <p>(মিজানুর রহমান) অতিরিক্ত সচিব বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয়</p>	